# ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

সভাপতি ঃ জনাব শিরীন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর ।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, শাহরাস্তি, চাঁদপুর।
তারিখ ঃ ০৩/০৩/২০২২ খ্রিঃ, বিকাল-০৪.৪০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিগণের তালিকা পরিশিষ্ট-"খ" এবং উদযাপন কমিটি পরিশিষ্ট- "ক" দ্রষ্টব্য ঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামক রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বঙ্গবন্ধুর আত্মত্যাগ চিরস্মরনীয় হয়ে থাকবে। তিনি আরো শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং আত্মার মাগফেরাত কামনা করেন, দেশের জন্য আত্মদানকারী সকল শহিদদের ।

০২। ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন যে, ১৯৭১ সালের এই দিনে সর্বকালের সর্বশেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে সাড়া দিয়ে তাঁর নেতৃত্বে বাঙ্গালী জাতি ঐক্যবদ্ধভাবে মহান স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলো এবং স্বাধীনতা অর্জন করেছে। তিনি স্বাধীনতার ৫০বছর পূর্তিতে সুবর্ণজয়ন্তী উদযাপনের বিষয়টিও সভায় তুলে ধরেন। গত বছর কোভিড-১৯ এর কারণে সুবর্ণজয়ন্তী যেভাবে ইচ্ছা ছিল সেভাবে পালিত হয়নি বিধায় মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সুবর্ণজয়ন্তীর কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। সভাপতি মহোদয় দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভির্যের সাথে উদযাপনে স্বাস্থ্যবিধি মেনে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহনে সার্বিক সহযোগিতা কামনা করেন। অতঃপর ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রাপ্ত কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এর জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে নিম্নোক্ত কর্মসূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| তারিখ ও সময় | কর্মসূচি | ব্যবস্থাপনায় |
|---|---|---|
| ২৬ মার্চ ২০২২ (সূর্যোদয়ের সাথে সাথে) | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবন সমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন। | সংশ্লিষ্ট কতৃপক্ষ /ভবনের মালিক। |
| ২৬ মার্চ ২০২২ (সন্ধ্যায়) | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবন সমূহে আলোকসজ্জায় সজ্জিতকরণ। কোন ক্রমেই ২৫/০৩/২০২২খ্রি: তারিখ আলোকসজ্জা করা যাবে না। ২৬/০৩/২০২২খ্রিঃ তারিখ সন্ধ্যায় থেকে আলোকসজ্জা করা যাবে। | সংশ্লিষ্ট কতৃপক্ষ /ভবনের মালিক। |
| ২৬ মার্চ ২০২২ (সূর্যোদয়ের সাথে সাথে) | একত্রিশবার তোপধ্বনির মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভ সূচনা। স্থান ঃ উপজেলা পরিষদ প্রাঙ্গন, শাহরাস্তি। | অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানা, চাঁদপুর |
| ২৬ মার্চ ২০২২ (সূর্যোদয়ের সাথে সাথে) | মহান স্বাধীনতা যুদ্ধে শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ। স্থান ঃ উপজেলা পরিষদ সংলগ্ন কেন্দ্রীয় শহীদ মিনার। | পুষ্পস্তবক উপ-কমিটি। |
| ২৬ মার্চ ২০২২ (সকাল- ৮.৩০ মিঃ) | উপজেলা প্রশাসন, শাহরাস্তি কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, পুলিশ বিভাগ, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, আনসার ও ভিডিপি, গ্রাম পুলিশ, উপজেলা স্কাউটস, রোভার স্কাউটস এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কুচকাওয়াজ ও সালাম গ্রহণ। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে প্রদর্শন, জাতীয় সংগীত পরিবেশন ও পুরস্কার বিতরণ। স্থান ঃ উপজেলা পরিষদ মাঠ, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬ মার্চ ২০২২ (সকাল- ১০.৩০ মিঃ) | বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠান। স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম), শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬ মার্চ ২০২২ (বেলা- ১১.০০ মিঃ) | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং স্বাধীনতার সূবর্ণজন্তীতে দেশের উন্নয়ন" শীর্ষক আলোচনা সভা এবং মুক্তিযুদ্ধ বিষয়ক ভিডিও প্রদর্শণী। **প্রধান অতিথি: মেজর (অব:) রফিকুল ইসলাম, বীর উত্তম, এম.পি, চাঁদপুর-৫ (শাহরাস্তি-হাজীগঞ্জ) নির্বাচনী এলাকা।** স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম), শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬ মার্চ ২০২২ (বেলা- ১২.৩০ মিঃ) | সরকারি কর্মকর্তা ক্রীড়া প্রতিযোগিতা। স্থান ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠ, শাহরাস্তি। | উপজেলা প্রশাসন শাহরাস্তি, চাঁদপুর |
| ২৬ মার্চ ২০২২ (বাদ জোহর) | জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি এবং শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মসজিদ/ মন্দির/গীর্জায় বিশেষ মুনাজাত/প্রার্থনা এবং মিস্টান্ন বিতরণের ব্যবস্থা করা। | উপজেলা প্রশাসন ইসলামিক ফাউন্ডেশন ও স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠান। |
| ২৬ মার্চ ২০২২ (সুবিধামত সময়ে) | শাহরাস্তি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং বিভিন্ন এতিমখানা/মসজিদ/আশ্রয়ণ প্রকল্প/গুচ্ছগ্রাম/আদর্শগ্রামে মিস্টান্ন বিতরণের ব্যবস্থা করা। | উপজেলা প্রশাসন হাসপাতাল কর্তৃপক্ষ/ এতিমখানা কর্তৃপক্ষ |
| ২৬ মার্চ ২০২২ (বেলা- ০৩.০০ মিঃ) | প্রীতি ভলিবল প্রতিযোগিতাঃ উপজেলা পরিষদ একাদশ বনাম পৌরসভা একাদশ । স্থান ঃ উপজেলা পরিষদ মাঠ, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬ মার্চ ২০২২ (বিকাল-০৪.৩০ মিঃ) | মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম)/উপজেলা পরিষদ মাঠ, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |

চলমান পাতা-০২

০৪। ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন সংক্রান্ত নির্দেশনা:

| তারিখ ও সময় | কর্মসূচি | ব্যবস্থাপনায় |
|---|---|---|
| ১৮ মার্চ ২০২২ হতে ২৬ মার্চ ২০২২ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ। |
| ২১ মার্চ ২০২২ হতে ২৫ মার্চ ২০২২ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনে রচনা প্রতিযোগিতা আয়োজন।<br>**রচনার বিষয়বস্তু- শেখ মুজিব কি করে বঙ্গবন্ধু ও জাতির পিতা হলো।**<br>অংশগ্রহনকারী- একাদশ থেকে স্নাতক শেণি পর্যন্ত।<br>স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম)/বিয়াম ল্যাবরেটরি স্কুল, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২১ মার্চ ২০২২ হতে ২৫ মার্চ ২০২২ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনে কবিতা আবৃত্তি প্রতিযোগিতা আয়োজন।<br>অংশগ্রহনকারী- 'ক' গ্রুপ: ৪র্থ থেকে ৫ম শেণি পর্যন্ত।<br>**কবিতার বিষয়বস্তু: স্বাধীনতা তুমি কবি- শামসুর রহমান।**<br>'খ' গ্রুপ: ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত।<br>**কবিতার বিষয়বস্তু: তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা- শামসুর রহমান।**<br>স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম)/বিয়াম ল্যাবরেটরি স্কুল, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২১ মার্চ ২০২২ হতে ২৫ মার্চ ২০২২ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনে কুইজ প্রতিযোগিতার আয়োজন।<br>**কুইজের বিষয়বস্তু- বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পটভূমি।**<br>অংশগ্রহনকারী- ৯ম থেকে ১০ম শ্রেণি পর্যন্ত।<br>স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম)/বিয়াম ল্যাবরেটরি স্কুল, শাহরাস্তি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |

০৫। এ ছাড়া ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ সুষ্ঠু, সুন্দর যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

অন্যান্য সিদ্ধান্ত সমূহ ঃ

৫.১। সকল স্তরের জনসাধারণের অবগতির জন্য ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ কর্মসূচি স্থানীয় ক্যাবল নেটওয়ার্কে প্রচার এবং স্থানীয় পর্যায়ে মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.২। উপজেলা পরিষদ কেন্দ্রিয় শহীদ মিনার, বঙ্গবন্ধু ম্যুরাল, স্মৃতিস্তম্ভ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা, চুনকাম ও উপজেলা পরিষদ এলাকায় পর্যাপ্ত লাইটিং ও আলোক সজ্জার ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, শাহরাস্তি পৌরসভাকে অনুরোধ জানানো হয়।

৫.৩। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সঠিক সময়ে, সঠিক নিয়মে ও সঠিক পরিমাপে এবং নতুন জাতীয় পতাকা যথাযোগ্য মর্যাদায় উত্তোলন ও নামানোর নিমিত্ত সাধারণ জনগণকে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বহুল প্রচারের জন্য মাইকিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। জাতীয় পতাকার অবমানোনা রোধে ভ্রাম্যমান আদালত পরিচালনাসহ পতাকা উত্তোলন পর্যবেক্ষণ উপ-কমিটিকে অনুরোধ জানানো হয়।

৫.৪। মহান স্বাধীনতা যুদ্ধে শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে উপজেলা পরিষদ মিলনায়তনের প্রধান ফটকের পশ্চিম পার্শ্বে অবস্থিত 'উপজেলা কেন্দ্রীয় শহিদ মিনারে' সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, বীর মুক্তিযোদ্ধাগণ, সাংবাদিকগণ, শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক দলসমূহ, সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনসহ দলমত নির্বিশেষে সকলকে স্বতঃস্ফুর্তভাবে পুষ্পমাল্য/শ্রদ্ধাঞ্জলী অর্পণের জন্য আহবান জানানো হয়। বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনায় প্রতিটি সংগঠনের পক্ষ হতে সর্বোচ্চ ০৫ জন প্রতিনিধি হিসেবে এবং ব্যক্তি পর্যায়ে একসাথে সর্বোচ্চ ০২ জন শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করতে পারবে।

৫.৫। কুচকাওয়াজ ও শরীর চর্চা, ডিসপ্লে প্রদর্শনীতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক নির্বাচিত অত্র উপজেলার ০৪টি কলেজ, ০৬টি প্রাথমিক বিদ্যালয়, ০৬টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা অংশগ্রহন করবে। অংশগ্রহনকারী প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ২৫(পঁচিশ) জনের দল গঠনপূর্বক শিক্ষক ও অংশগ্রহনকারী শিক্ষার্থীদের নামের তালিকা আগামী ২৪ মার্চ ২০২২খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ করা হয়।

৫.৬। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে কুচকাওয়াজ ও শরীর চর্চা, ডিসপ্লে প্রদর্শনীতে অংশগ্রহনকারী শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যানার নিয়ে অনুষ্ঠানে আসতে হবে। শিক্ষার্থীদের পোশাক পরিস্কার-পরিচ্ছন্ন হতে হবে এবং সকলকে আবিশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে। কুচকাওয়াজ প্রদর্শনীতে আবিশ্যিকভাবে স্কুল ইউনিফর্ম পরিধান করতে হবে। অংশগ্রহনকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহ আগামী ২৪ মার্চ ২০২২খ্রি: তারিখ উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠ, শাহরাস্তিতে উপস্থিত হয়ে কুচকাওয়াজ ও শরীর চর্চা, ডিসপ্লে প্রদর্শনীর মহড়ায় অংশগ্রহন করতে হবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানা এবং সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

৫.৭। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদ্‌যাপনের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

৫.৮। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত অনুষ্ঠান স্থলে/স্থান সমূহে সার্বিক নিরাপত্তা ও আইন শৃংখলা বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের জন্য অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানাকে অনুরোধ করা হয়।

৫.৯। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপনের জন্য উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে স্মৃতিস্তম্ভ, শহীদ মিনারসহ তথা সরকারি সম্পদসমূহের রাত্রিকালীন পাহারার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক গ্রাম পুলিশ ও আনসার সদস্য নিয়োগের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.১০। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে কুচকাওয়াজ ও শরীর চর্চা ডিসপ্লে প্রদর্শনী চলাকালীন সময়ে উপজেলা পরিষদ কমপ্লেক্স মাঠে একটি মেডিকেল টীম ও একটি এ্যাম্বুলেন্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। তাছাড়া মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় চিকিৎসা সেবা ও রোগীদের মাঝে উন্নতমানের খাবার প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

৫.১১। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত কেন্দ্রিয় শহীদ মিনারে পুষ্পমাল্য/শ্রদ্ধাঞ্জলি অর্পণের সময় এবং উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত দিবসের অন্যান্য কর্মসূচি বাস্তবায়ন প্রাক্কালে সংশ্লিষ্ট স্থান সমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তিকে অনুরোধ জানানো হয়।

৫.১২। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে দিবসের পূর্বের দিন অর্থাৎ ২৫ মার্চ ২০২২খ্রি. তারিখে উপজেলা পরিষদ মাঠ ও তৎসংলগ্ন রাস্তায় ধুলাবালি অপসারণের নিমিত্ত পর্যাপ্ত পানি দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।

৫.১৩। সকল উপ-কমিটিকে পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ এর কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশ গ্রহণের ব্যবস্থা গ্রহণ ও কর্মসূচি বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালনের লক্ষ্যে সকলের প্রতি আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শিরীন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২
উদ্‌যাপন কমিটি, শাহরাস্তি, চাঁদপুর।

স্মারকনং-০০.৪২.০৫৩১.০০.০৯.০০৫.২০২২-১১৪(৫০)
তারিখ ঃ ০৩/০৩/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, চাঁদপুর-০৫ (শাহরাস্তি-হাজীগঞ্জ) নির্বাচনী এলাকা।
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ/প্রধামন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, চাঁদপুর।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
০৭। মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
০৯। উপজেলা ..........................................কর্মকতা (সংশ্লিষ্ট সকল), শাহরাস্তি, চাঁদপুর।
১০। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন, শাহরাস্তি, চাঁদপুর।
১১। জনাব..........................................শাহরাস্তি, চাঁদপুর।
১২। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
শাহরাস্তি, চাঁদপুর।

## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদ্‌যাপন কমিটি ও উপ-কমিটি সমূহঃ

**মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

প্রধান উপদেষ্টা ঃ মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-৫ (শাহরাস্তি-হাজীগঞ্জ) নির্বাচনী এলাকা

উপদেষ্টা ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শাহরাস্তি,চাঁদপুর।

সভাপতি ঃ উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি,চাঁদপুর ।

সদস্যবৃন্দ ঃ অত্র উপজেলার সকল দপ্তর/বিভাগ প্রধান কর্মকর্তা, পৌর মেয়র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ, ইউ,পি চেয়ারম্যান (সকল), সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, সামাজিক-সাংস্কৃতিক সংগঠন, সকল সংস্থা, রাজনৈতিক নেতৃবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, শাহরাস্তি, চাঁদপুর।

**(ক) জাতীয় পতাকা পর্যবেক্ষণ উপ-কমিটি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সহকারী কমিশনার (ভূমি), শাহরাস্তি, চাঁদপুর ঃ আহবায়ক
২. প্যানেল মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৩. কমান্ডার/প্রতিনিধি, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৪. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৫. চেয়ারম্যান (সকল) ইউপি, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৬. সভাপতি/সম্পাদক, শাহরাস্তি প্রেসক্লাব, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৭. অফিসার ইনচার্জ, শাহরাস্তি থানা, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য সচিব

**(খ) তোপধ্বনি, স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পন/শ্রদ্ধাঞ্জলী এবং আনুষ্ঠানিক জাতীয় পতাকা উত্তোলন উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অফিসার-ইন-চার্জ, শাহরাস্তি থানা, শাহরাস্তি, চাঁদপুর ঃ আহবায়ক
২. উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৩. উপজেলা প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা, শাহরাস্তি ঃ ”
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সকল শিক্ষা প্রতিষ্ঠান, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৫. সম্পাদক, উপজেলা স্কাউটস,শাহরাস্তি ঃ ”
৬. মোঃ জহিরুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার ঃ সদস্য-সচিব

**(গ) কুচকাওয়াজ ও শরীর চর্চা, ডিসপ্লে প্রদর্শণী উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর ঃ আহবায়ক
২. উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য
৩. অফিসার-ইন-চার্জ (তদন্ত), শাহরাস্তি থানা, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৪. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শাহরাস্তি ঃ ”
৫. সম্পাদক, উপজেলা স্কাউটস,শাহরাস্তি ঃ ”
৬. জনাব আক্তার হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার শাহরাস্তি ঃ সদস্য-সচিব

**(ঘ) শহীদ মুক্তিযোদ্ধা পরিবার এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ আহবায়ক
২. উপজেলা কৃষি কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য
৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৪. জনাব মোঃ শাহ জাহান পাটওয়ারী, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল,শাহরাস্তি ঃ ”
৫. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ও এবাএখা, শাহরাস্তি ঃ ”
৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য সচিব

**(ঙ) আলোচনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. উপজেলা প্রাণী সম্পদ অফিসার,শাহরাস্তি, চাঁদপুর ঃ আহবায়ক
২. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য
৩. উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৪. উপজেলা সমাজসেবা অফিসার,শাহরাস্তি,চাঁদপুর ঃ ”
৫. ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১, শাহরাস্তি জোনাল অফিস, শাহরাস্তি ঃ ”
৬. উপজেলা সমবায় কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য সচিব

**(চ) অর্থ উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সহকারী কমিশনার (ভূমি), শাহরাস্তি, চাঁদপুর ঃ আহবায়ক
২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য
৩. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৫. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ ”
৬. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর ঃ সদস্য-সচিব

চলমান পাতা-০৫

**(ছ) প্রচার,মঞ্চ, মাঠ সজ্জা ও আলোকসজ্জা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| ২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,শাহরাস্তি | ঃ | সদস্য |
| ৩. | অফিসার ইনচার্জ(তদন্ত), শাহরাস্তি থানা ,শাহরাস্তি | ঃ | ” |
| ৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| ৫. | উপজেলা কৃষি সম্প্রাসারণ কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| ৬. | প্যানেল মেয়র, শাহরাস্তি পৌরসভা, চাঁদপুর | ঃ | সদস্য-সচিব |

**(জ) ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,শাহরাস্তি | ঃ | আহবায়ক |
| ২. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | সদস্য |
| ৩. | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) শাহরাস্তি,চাঁদপুর | ঃ | ” |
| ৪. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শাহরাস্তি,চাঁদপুর | ঃ | ” |
| ৫. | উপজেলা তথ্য কর্মকর্তা (তথ্য আপা), শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| ৬. | জনাব নাসরিন আক্তার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি | ঃ | সদস্য সচিব |

**(ঝ) প্রতিযোগিতা মূল্যায়ন প্যানেল ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | আহবায়ক |
| ২. | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | সদস্য |
| ৩. | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | |
| ৪. | উপজেলা নির্বাচন অফিসার,শাহরাস্তি,চাঁদপুর | ঃ | ” |
| ৫. | অফিসার ইনচার্জ (তদন্ত), শাহরাস্তি থানা, শাহরাস্তি ,চাঁদপুর | ঃ | ” |
| ৬. | ডিজিএম, পল্লী বিদ্যু সমিতি-১, শাহরাস্তি জোনাল অফিস, চাঁদপুর | ঃ | সদস্য সচিব |

**(ঞ) রচনা, কুইজ ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১, শাহরাস্তি জোনাল অফিস, শাহরাস্তি | ঃ | আহবায়ক |
| ২. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | সদস্য |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শাহরাস্তি | ঃ | ” |
| ৪. | উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, শাহরাস্তি | ঃ | ” |
| ৫. | জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার | ঃ | ” |
| ৬. | জনাব আক্তার হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার | ঃ | ” |
| ৭. | জনাব নাসরিন আক্তার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার শাহরাস্তি | ঃ | ” |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | ” |
| ৯. | উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি | ঃ | সদস্য সচিব |

**(ট) প্রার্থনা উপ-কমিটি ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,শাহরাস্তি - | ঃ | আহবায়ক |
| ২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহরাস্তি, চাঁদপুর- | ঃ | সদস্য |
| ৩. | অধ্যক্ষ,শাহরাস্তি চিশতিয়া ইসলামিয়া মাদ্রাসা,শাহরাস্তি- | ঃ | ” |
| ৪. | জনাব মোঃ মিজানুর রহমান,পেশ ইমাম,উপজেলা পরিষদ জামে মসজিদ | ঃ | ” |
| ৫. | জনাব নিখিল চন্দ্র মজুমদার, সাধারণ সম্পাদক, পূজা উদযাপন পরিষদ | ঃ | ” |
| ৬. | উপজেলা সমবায় অফিসার, শাহরাস্তি, চাঁদপুর | ঃ | সদস্য সচিব |

(শিরীন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস
২০২২ উদ্‌যাপন কমিটি, শাহরাস্তি, চাঁদপুর ।